ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/ক্রয়/অদক্ষ শ্রমিক সরবরাহ/২০২১/৮৪০৭ তারিখ: ২৩ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০২৫ খ্রি.

**অদক্ষ শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ, শর্তাবলী এবং কর্মপরিধিঃ**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ধরনের শ্রমসাধ্য কাজের জন্য অদক্ষ শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্ত করা হবে। তালিকাভুক্তকরণের আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ ও সময় ২১.১০.২০২৫ খ্রিষ্টাব্দ দুপুর ১২.০০ ঘটিকা। আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ ও শর্তাবলী নিম্নরূপ:

১. আবেদনকারী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডে পূর্ণাঙ্গ ঠিকানাসহ রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।
২. প্রতিষ্ঠানের হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, আয়কর সনদপত্র, সর্বশেষ কর পরিশোধের প্রাপ্তি রশিদ, ব্যাংক সলভেন্সি সনদ আবেদনের সাথে সংযুক্ত থাকতে হবে।
৩. সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
৪. গত ০১ (এক) বছরের মধ্যে সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্র/কার্যাদেশ সংযুক্ত করতে হবে।
৫. চুক্তির জন্য সুপারিশপ্রাপ্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠাগুলোকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং একক মালিকানাধীন স্বত্তাধিকারী নারী হইলে তালিকাভুক্ত ফি ৩০০০/-(তিন হাজার) টাকার পে-অর্ডার বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে। যা চুক্তি সমাপ্ত হওয়ার পর ফেরতযোগ্য;
৬. সরকারের অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী উল্লিখিত হারে অদক্ষ শ্রমিকদের মূল্য পরিশোধ করা হবে এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত হারে মূল্য নির্ধারিত হবে;
৭. পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের চাহিদা মোতাবেক ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনপূর্বক চুক্তিকৃত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানগুলোকে শ্রমিক সরবরাহ নিশ্চিত করতে হবে।
৮. সরকার নির্ধারিত হারে ভ্যাট বিশ্ববিদ্যালয় বহন করবে এবং ট্যাক্স সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে;
৯. বিল পরিশোধের জন্য রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর বিল দাখিল করতে হবে।
১০. তালিকাভুক্তির মেয়াদ হবে চুক্তিপত্র স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর পর্যন্ত। তবে তালিকাভুক্তির মেয়াদ সমাপ্ত হওয়ার পর উভয় পক্ষ চাইলে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০২৫ অনুসরণ করে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানগুলো নবায়ন করা যাবে;

কাজের বিবরণ:-

১. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠেয় পরীক্ষার জন্য বি.জি প্রেসের প্রয়োজনীয় কাজ ও খালি ট্রাংক প্রেরণের জন্য গোডাউন থেকে গাড়িতে লোড/আনলোড করা;
২. চাহিদা অনুযায়ী অলিখিত/লিখিত উত্তরপত্র, ট্রাংক গাড়ি থেকে লোড/আনলোড করে গোডাউনে উঠানো/নামানো:
৩. উত্তরপত্র সর্টিং করা, স্ক্যানিংয়ের জন্য প্রস্তুত করা;
৪. এছাড়াও বিভিন্ন সময়ে তাৎক্ষনিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রকের চাহিদা মোতাবেক কাজ করা;

উল্লিখিত শর্তাবলী পূরণ করে রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর ২১.১০.২০২৫ খ্রিষ্টাব্দ দুপুর ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট ডকুমেন্ট সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, সরকারী নির্দেশনা অনুযায়ী ভ্যাট পৃথক ভাবে যুক্ত করা হবে এবং সরকারী বিধি অনুযায়ী ট্যাক্স কর্তন করা হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২২/০৮/১০/২৫

(মো: আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com